দৈনিক ইনকিলাব 240

তারিখ ...16.DE[illegible] 199[illegible] ...
পৃষ্ঠা ৮ কলাম ৩......

# কলারোয়ায় কতিপয় স্কুলে এসএসসি পরীক্ষায় তিনগুণ ফিস আদায়ের অভিযোগ

কলারোয়া (সাতক্ষীরা) থেকে নিজস্ব সংবাদদাতা ঃ যশোর শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত এসএসসি পরীক্ষার সর্বোচ্চ ৬শ' টাকার ফিস ২ হাজার টাকা পর্যন্ত আদায় করার অভিযোগ উঠেছে। ফলে মারাত্মকভাবে আর্থিক সংকটের এ বছরে অনেকে সহায়-সম্বল বিক্রি করে ছেলেমেয়ের পরীক্ষার ফিস যোগাড় করতে বাধ্য হচ্ছে।

যশোর শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, প্রতি বিষয়ে ফিস ৩৫ টাকা; প্রতি ব্যবহারিক বিষয়ে ২৫ টাকা, চতুর্থ বিষয়ে ৩৫ টাকা ও কেন্দ্র ফিস ১০০ টাকা। সব মিলিয়ে মানবিকে চতুর্থ বিষয়সহ ৫৫০ টাকা এবং বিজ্ঞান বিভাগের জন্য ৬০০ টাকা এসএসসি পরীক্ষা ফিস বাবদ বোর্ডে জমা দিতে হয়। কিন্তু কলারোয়া থানার কতিপয় মাধ্যমিক বিদ্যালয় কোচিং ফি, বিদ্যালয় উন্নয়নসহ নানাবিধ খাতে দেড় হাজার থেকে ২ হাজার টাকা পরীক্ষার ফিস বাবদ আদায় করছে। এর মধ্যে কাজিরহাট, সোনাবাড়ীয়া, বামনখালী, বন্দনপুর হাইস্কুল অমানবিক আচারণের মাধ্যমে ফিস আদায় করছে। সোনাবাড়ীয়া হাইস্কুল নির্বাচনী পরীক্ষায় ফেল করা শিক্ষার্থীদের কাছ থেকে প্রতি বিষয়ে ফেলের জন্য ১শ' টাকা হারে জরিমানাসহ সর্বোচ্চ ২ হাজার টাকা পর্যন্ত আদায় করা হচ্ছে। অতিরিক্ত ফিস আদায়ের জন্য শিক্ষার্থীদের ইচ্ছাকৃতভাবে ফেল করানো হয় বলে অভিযোগ উঠেছে। আর শিক্ষা বিভাগকে দেখানোর জন্য পৃথক খাতাপত্র রয়েছে। কোন রশিদ ছাড়াই এসব টাকা দিতে বাধ্য করা হচ্ছে। এ বছর প্রাকৃতিক দুর্যোগে গ্রামগঞ্জের মানুষ মারাত্মক আর্থিক সংকটে দিন কাটাচ্ছে। ফলে ছেলেমেয়েদের পরীক্ষার ফিস যোগাড় করতে ছাগল-গরু বিক্রি করতে বা জমি বন্ধক দিতে বাধ্য হচ্ছে অভিভাবকরা।